# ফ্যামিলি কার্ডের নামে টাকা নেওয়ার অভিযোগে এনসিপি নেত্রী আটক



ছবি: সংগৃহীত

সরকারের ফ্যামিলি কার্ড দেওয়ার কথা বলে মানুষের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগে নেত্রকোণায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) এক নেত্রীকে আটক করেছে পুলিশ। আটক ওই নেত্রীর নাম সাদিয়া আক্তার (২২)।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সন্ধ্যায় নেত্রকোণা শহরের কুড়পাড় এলাকা থেকে তাকে আটক করে নেত্রকোণা মডেল থানা পুলিশ। সাদিয়া সদর উপজেলার মদনপুর ইউনিয়নের তেঁতুলিয়া গ্রামের বাসিন্দা সাইফুল ইসলামের মেয়ে। তিনি এনসিপির নেত্রকোণা জেলা কমিটির সাংগঠনিক সম্পাদকের দায়িত্বে রয়েছেন।

স্থানীয়দের অভিযোগ, কুড়পাড় এলাকার কয়েকজনকে সরকারি উদ্যোগের আওতায় ফ্যামিলি কার্ড করে দেওয়ার আশ্বাস দেন সাদিয়া আক্তার। এর বিনিময়ে প্রত্যেকের কাছ থেকে তিন হাজার টাকা করে নেওয়া হয় বলে অভিযোগ রয়েছে।

LENS ASIA

বিষয়টি নিয়ে সন্দেহ তৈরি হলে স্থানীয়রা তাকে আটকে রাখেন এবং পুলিশকে খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাকে হেফাজতে নিয়ে থানায় যায়।

পুলিশের কাছে প্রাথমিকভাবে যে তথ্য এসেছে, তাতে পাঁচজনের কাছ থেকে তিন হাজার টাকা করে মোট ১৫ হাজার টাকা নেওয়ার অভিযোগ রয়েছে।

এনসিপির নেত্রকোণা জেলা কমিটির সদস্য সচিব ফাহিম রহমান খান পাঠান বলেন, ঘটনাটি সম্পর্কে তিনি এখনো বিস্তারিত জানেননি। তবে কোনো ব্যক্তি এ ধরনের কর্মকাণ্ডে জড়িত থাকলে সেটি তার ব্যক্তিগত দায়, সংগঠন তার দায় নেবে না।

তিনি আরও বলেন, অভিযোগের সঙ্গে সাদিয়া আক্তারের সম্পৃক্ততা প্রমাণিত হলে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থার পাশাপাশি আইনগত পদক্ষেপও নেওয়া উচিত এবং তা নেওয়া হবে।

নেত্রকোণা সদর সার্কেলের কর্মকর্তা সজল কুমার সরকার জানান, স্থানীয়দের কাছ থেকে পাওয়া অভিযোগ অনুযায়ী ফ্যামিলি কার্ড দেওয়ার কথা বলে পাঁচজনের কাছ থেকে মোট ১৫ হাজার টাকা নেওয়া হয়েছে। বিষয়টি এখন যাচাই করছে পুলিশ।

তিনি বলেন, অভিযোগের সত্যতা যাচাই শেষে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।